# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

Office of the
Executive Engineer
Dredger Maintenance Division
BWDB, Narayanganj.
Email: xen.dredger.maintenance@gmail.com

স্মারক নং-৪২.০১.৬৭০০.২৯৭.৪০.০০১.২৩.৩৩২ তারিখঃ ০৯ /১১/২০২৫খ্রি.

## "নিলাম পুনঃদরপত্র বিজ্ঞপ্তি নং-১/২০২৫-২০২৬ খ্রি."

<table>
<tr><td>মন্ত্রণালয়</td><td colspan="4">পানি সম্পদ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>সংস্থা</td><td colspan="4">বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।</td></tr>
<tr><td>নিলামকারী দপ্তর</td><td colspan="4">নির্বাহী প্রকৌশলী, ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।</td></tr>
<tr><td rowspan="5">নিলামে বিক্রয় যোগ্য মালামাল এর বিবরণ ও অবস্থান</td><td>লট নং</td><td>মালামালের বিবরণ</td><td>অবস্থান</td><td>আইটেম সংখ্যা</td></tr>
<tr><td rowspan="3">১</td><td>অচল/অব্যবহৃত/মেরামত অযোগ্য মোবাইল ক্রেন।</td><td rowspan="3">ড্রেজার বেইজ, নারায়ণগঞ্জ।</td><td>১টি</td></tr>
<tr><td>অচল/অব্যবহৃত/মেরামত অযোগ্য নাট বোল্ট মেশিন</td><td>১টি</td></tr>
<tr><td>অচল/অব্যবহৃত/মেরামত অযোগ্য ট্রাক মাউন্টেড হাইড্রালিক ক্রেন।</td><td>১টি</td></tr>
<tr><td colspan="4">(যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে)।</td></tr>
<tr><td>নিলাম দরপত্র দলিলের প্রাপ্তি স্থান</td><td colspan="4">১। নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।<br>২। এছাড়াও https://bwdb.gov.bd/live-tender ওয়েবসাইটে পাওয়া যাবে।</td></tr>
<tr><td>নিলাম দরপত্র দলিলের মূল্য</td><td colspan="4">লট নং-১: ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য।</td></tr>
<tr><td>নিলাম জামানতের পরিমান</td><td colspan="4">লট নং-১ এর উদ্ধৃত দরের ২৫%</td></tr>
<tr><td>নিলাম মালামাল সরেজমিনে পরিদর্শন</td><td colspan="4">নিলাম দরপত্র দলিল ক্রয় সাপেক্ষে ০৭/১২/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সাপ্তাহিক ছুটি এবং সরকারী ছুটির দিন ব্যতীত) সরেজমিনে পরিদর্শন করা যাবে।</td></tr>
<tr><td>নিলাম দরপত্র দাখিলের স্থান</td><td colspan="4">xen.rp1.dredger@egp.bwdb.gov.bd এই ই-মেইল ঠিকানায় দাখিল করতে হবে।</td></tr>
<tr><td>নিলাম দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়</td><td colspan="4">০৮/১২/২০২৫ খ্রিঃ ১২:০০ ঘটিকা পর্যন্ত।<br>(উল্লিখিত সময়ের পরে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না)।</td></tr>
<tr><td>নিলাম দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময়</td><td colspan="4">০৮/১২/২০২৫ খ্রিঃ ১২.০৫ ঘটিকা।</td></tr>
<tr><td>নিলাম দরপত্র উন্মুক্তকরণের স্থান</td><td colspan="4">নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।</td></tr>
</table>

বিঃদ্রঃ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র দপ্তর সংরক্ষণ করেন।

৯/১১/২০২৫

(সুজয় কুমার সাহা)
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নং-৮৭১১২৫০০১
ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৪২.০১.৬৭০০.২৯৭.৪০.০০১.২৩.৩৩২(১০) তারিখঃ ০৯/১১/২০২৫খ্রি

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। অতিঃ প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।

৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৪। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ৭২ গ্রীন রোড, ঢাকা।

৫। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬, গ্রীনরোড, ঢাকা। (বিজ্ঞপ্তি ও তফসিল বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।

৭। উপপরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ।

৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, ড্রেজার রক্ষণাবেক্ষণ/ওয়ার্কশপ উপ-বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।

৯। উপ-সহকারী প্রকৌশলী, ড্রেজার রক্ষণাবেক্ষণ/ওয়ার্কশপ উপ-বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।

১০। নথি।

৯/১১/২০২৫

নির্বাহী প্রকৌশলী
ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ডেজার রক্ষণাবেক্ষণ বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

Office of the
Executive Engineer
Dredger Maintenance Division
BWDB, Narayanganj.
Email: xen.dredger.maintenance@gmail.com


## "নিলামে অংশ গ্রহণের নিয়মাবলী এবং শর্তসমুহ"

১। তফসিলে বর্ণিত অকেজো ঘোষিত সরঞ্জাম/যন্ত্রপাতি "যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে" নিলামে বিক্রি করা হবে।

২। আগ্রহী ব্যক্তিবর্গ অফিস চলাকালীন সময়ে আগামী ০৭/১২/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত, উপ-বিভাগীয় প্রকৌশলী, ড্রেজার রক্ষণাবেক্ষণ উপ- বিভাগ,বাপাউবো, নারায়ণগঞ্জ এর সাথে যোগাযোগ করতঃ (মোবাইল নং-০১৭১১-৪৩০৩৮৫) তফসিলে বর্ণিত ব্যবহার অনুপযোগী এবং মেরামত অযোগ্য অচল/অব্যবহৃত/মেরামত অযোগ্য যন্ত্রাংশ/ মালামাল সরেজমিনে পরিদর্শন করতে পারবেন। এক্ষেত্রে বিশেষভাবে উল্লেখ্য যে, সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন এবং অফিস সময়ের আগে ও পরে কোন ক্রমেই সরঞ্জাম পরিদর্শন করার সুযোগ থাকবে না।

৩। নিলাম দরপত্র দলিলের মূল্য লট নং-১ এর জন্য ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য, নিলাম দরপত্র দলিলের মূল্য হিসাব নং- **০১০০০৩৯৯২২৭৭৫**, জনতা ব্যাংক পিএলসি, ড্রেজার সংস্থা শাখা, নারায়ণগঞ্জ, রাউটিং নং- ১৩৫৬৭০৪৬৮ এ জমা প্রদান করতে হবে।

৪। নিলাম তফসিলের নির্ধারিত জায়গায় পরিষ্কার ভাবে দর কথায় এবং অংকে উল্লেখ করতে হবে। কোন ধরণের কাটাকাটি বা ওভাররাইটিং করা যাবে না। কথায় ও অংকে লেখার মধ্যে পার্থক্য থাকলে কথায় লেখা সঠিক বলে ধরা হবে।

৫। মোট উদ্ধৃত দরের সাথে অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% অগ্রিম আয়কর যোগ করে সর্বমোট উদ্ধৃত দর নির্ধারিত হবে।

৬। লট নং-১ এর জন্য উদ্ধৃত দরের ২৫% টাকা নিলাম জামানত হিসাবে হিসাব নং- **০১০০০৩৯৯২৩২৩২**, জনতা ব্যাংক পিএলসি, ড্রেজার সংস্থা শাখা, নারায়ণগঞ্জ, রাউটিং নং- ১৩৫৬৭০৪৬৮ এ জমা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, ই-মেইল এর মাধ্যমে দরপত্র গ্রহণ করা হবে বিধায় কোন পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট গৃহীত হবে না।

৭। নিলাম দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে। এছাড়া, নিলাম তফশীলের নির্ধারিত স্থানে দরদাতার স্বাক্ষর, নাম, পূর্ণ ঠিকানা, মোবাইল নং ও অন্যান্য তথ্যাদি সঠিক ভাবে লিখতে হবে। ভুল মোবাইল নং, ঠিকানা বা ব্যাংক একাউন্ট তথ্য দেয়ার কারণে নিলাম জামানত ফেরত দেয়া সম্ভব না হলে, পরে কোন ওজর আপত্তি গ্রাহ্য হবে না।

৮। সঠিকভাবে পূরণকৃত নিলাম দরপত্র, দরপত্র দলিলের মূল্য জমার স্লিপ এবং নিলাম জামানত জমার স্লিপ স্ক্যান.করতঃ **xen.rp1.dredger@egp.bwdb.gov.bd** ঠিকানায় ই-মেইল প্রেরণ করতে হবে। উল্লেখ্য অন্য কোন মাধ্যমে প্রেরণ করলে তা গ্রহনযোগ্য হবে না। দরদাতার ছবি, জাতীয় পরিচয় পত্র এবং দরদাতার নিজ/প্রতিষ্ঠানের নামীয় ব্যাংক একাউন্ট এর চেক (অকৃতকার্য দরদাতার জামানত ফেরত এর নিমিত্ত) এর মূল কপি স্ক্যান করে দরপত্রের সাথে দাখিল করতে হবে। নিলাম দরপত্রে উল্লিখিত দরদাতার নাম ও ব্যাংক একাউন্ট এর তথ্যের সাথে নিজ/প্রতিষ্ঠানের নামীয় ব্যাংক একাউন্ট এর চেক এর তথ্যের মিল থাকতে হবে।

৯। নিলাম দরপত্র উন্মুক্তকরণ সময় ০৮/১২/২০২৫ খ্রিঃ ১২:০৫ ঘটিকায় এবং উক্ত সময় নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে নিলাম দরপত্র উন্মুক্ত করা হবে।

১০। শর্ত যুক্ত কোন নিলাম দরপত্র দাখিল করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। নিলাম দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক নিলামের শর্ত অনুযায়ী সকল দরপত্র সমুহ মূল্যায়ন করতঃ সকল শর্ত সঠিকভাবে প্রতিপালনকারী সর্বোচ্চ দরদাতাকে কৃতকার্য হিসেবে নির্ধারণ করা হবে।

১২। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে জামানত ব্যতিরেকে তার সর্বমোট উদ্ধৃত মূল্যের অবশিষ্ট অর্থ সর্বোচ্চ ৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। সমুদয় অর্থ এর সাথে পরিশোধ সাপেক্ষে ডেলিভারী অর্ডার প্রদান করা হবে। তবে উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ভ্যাট ও আয়করের হার পরিবর্তিত হলে সে মোতাবেক পরিবর্তিত হারে ভ্যাট ও আয়কর প্রদান করতে হবে।

১৩। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে ডেলিভারী অর্ডার প্রদানের পরই কেবলমাত্র অকৃতকার্য নিলাম দরদাতাগণের জামানত ফেরৎ প্রদান করা হবে।

১৪। ডেলিভারী আদেশ প্রদানের সর্বোচ্চ ১ (এক) মাসের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্ন-স্বাক্ষরকারীর সাথে আলোচনা সাপেক্ষে তফসিলভুক্ত অকেজো ঘোষিত সরঞ্জাম/যন্ত্রপাতি নিলাম দরদাতার সম্পূর্ণ নিজ খরচে ডেলিভারী নিতে হবে। অন্যথায়, নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর ডেলিভারী আদেশ বাতিল করতঃ সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৫। অকেজো সরঞ্জাম/যন্ত্রপাতি/মালামাল ডেলিভারী গ্রহণের সময় দপ্তরের নিরাপত্তা বিঘ্নিত করা অথবা পাশে রক্ষিত অন্যান্য নিলাম বহির্ভূত সরঞ্জামের ক্ষতি সাধিত হতে পারে এমন কোন কাজ করা হলে কিংবা চেষ্টা করা হলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গৃহীত হবে এবং ক্ষয়ক্ষতির যাবতীয় দায়ভার নিলাম গ্রহীতার উপরেই বর্তাবে।

১৬। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোনো জটিলতা সৃষ্টি হলে দরপত্র আহবানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১৭। কোনো ধরনের কারিগরী ত্রুটি (Internet Connection, Scanning বা Upload এর সমস্যা, ভূল মেইল ঠিকানা ইত্যাদি)-র জন্য যথাসময়ে Bid করতে না পারার জন্য অথবা Corrupted বা Virus Infected File বা File Upload/ Download না করতে পারার দায় কর্তৃপক্ষ বহন করবে না, সকল দায় দরদাতাকে বহন করতে হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র দপ্তর সংরক্ষণ করে।

/২০২৫

(সুজয় কুমার সাহা)
নির্বাহী প্রকৌশলী
ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

# নিলাম পুনঃদরপত্র নং- ১/২০২৫-২০২৬

ড্রেজার রক্ষণাবক্ষেণ বিভাগের আওতাধীন ড্রেজার বেইজ নারায়ণগঞ্জে অবস্থানরত অচল/অব্যবহৃত/ মেরামত অযোগ্য মোবাইল ক্রেন, নাট বোল্ট মেশিন, ট্রাক মাউন্টেড হাইড্রলিক ক্রেনের নিলাম দরপত্র তফশীল (নিলাম দরপত্রের শর্তাবলীর সংযুক্ত কপি মোতাবেক)।

| ক্রমিক নং | কাজের বিবরণ | একক | পরিমাণ | উদ্ধৃত দর (অংকে) | উদ্ধৃত দর (কথায়) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | অচল/অব্যবহৃত/মেরামত অযোগ্য মোবাইল ক্রেন, নাট বোল্ট মেশিন, ট্রাক মাউন্টেড হাইড্রলিক ক্রেন। (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) | লট | ০১ (এক) লট | | |
| | | | মোট উদ্ধৃত দর | | |
| | | | ভ্যাট (১৫%)= | | |
| | | | আইটি (১০%)= | | |
| | | | সর্বমোট উদ্ধৃত দর | | |

*দরদাতার ছবি, জাতীয় পরিচয় পত্র এবং ব্যাংক চেক এর মূল কপি স্ক্যান করে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

দরদাতার স্বাক্ষর : ..............................................................................

দরদাতার/প্রতিষ্ঠানের নাম : ..............................................................................

দরদাতার/প্রতিষ্ঠানের ঠিকানা : ..............................................................................

মোবাইল ফোন নং : ..............................................................................

এন আই ডি নং : ..............................................................................

তফসিল মূল্য : রিসিট নং ..........................তাং ........................ টাঃ............

ব্যাংকের নামঃ ..............................................................

শাখাঃ ......................................................................

জামানত জমা : রিসিট নং ..........................তাং ........................ টাঃ...............

ব্যাংকের নামঃ ..............................................................

শাখাঃ ......................................................................

দরদাতার ব্যাংক একাউন্ট তথ্য : একাউন্ট নম্বর ..............................................................

একাউন্ট নাম ..............................................................

ব্যাংকের নাম ..............................................................

শাখাঃ ..............................................................

রাউটিং নম্বর ..............................................................